

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

শাখা-০৪

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.moca.gov.bd

বেসরকারি গ্রন্থাগারে অনুদানের জন্য দরখাস্ত আহ্বান

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সাধারণ কার্যক্রমের আওতায় বই-পুস্তক সঞ্চয়ি খাতে বরাদ্দকৃত অর্থ থেকে ২০২০-২০২৪ অর্থবছরের জন্য বেসরকারি গ্রন্থাগারসমূহে অনুদান প্রদানের নিমিত্ত দেশের সকল পর্যায়ের তালিকাভুক্ত বেসরকারি গ্রন্থাগারের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।।

নিয়মাবলি

- (ক) জাতীয় গ্রন্থাগারসমূহকে অনুদানের জন্য নির্ধারিত ফরমে যথানিয়মে আবেদন করতে হবে এবং ফরমে চাহিত তথ্যসমূহ সঠিকভাবে প্রদান করতে হবে এবং উল্লিখিত শর্তাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- (খ) আবেদন ফরম সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moca.gov.bd এবং জাতীয় গ্রন্থকেন্দ্রের ওয়েবসাইট www.nbc.org.bd থেকে ডাউনলোড করে নিতে হবে।
- (গ) নির্ধারিত ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং জাতীয় গ্রন্থকেন্দ্র থেকে আবেদনের হার্ডকপি সরবরাহ করা হবে না। আবেদনপত্র সরাসরি এবং অনলাইনে দাখিল করা যাবে।
- (ঘ) আবেদনকারী গ্রন্থাগারকে জাতীয় গ্রন্থকেন্দ্র অথবা গণগ্রন্থাগার অফিসের কর্তৃক তালিকাভুক্ত হতে হবে এবং যে গ্রন্থাগারের জন্য আবেদন করা হবে তার তালিকাভুক্তি সনদের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সংযুক্ত করতে হবে।
- (ঙ) পূরণকৃত আবেদন ফরম যথাযথভাবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রত্যায়িত হতে হবে।
- (চ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার প্রোগ্রামসমূহের আওতা ও কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হতে আবেদন ফরম প্রত্যয়ন করবেন।
- (ছ) আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর ও গ্রন্থাগারের সত্যাপ্তি/সাধারণ সম্পাদকের (প্রযোজ্য ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (জ) নির্ধারিত ফরম বাতীত অন্য কোন ফরমে আবেদন করা হলে অথবা আবেদন ফরম অংশিকভাবে পূরণ করা হলে অথবা মিথ্যা তথ্য প্রদান করা হলে এবং আবেদন স্থানীয় প্রশাসন কর্তৃক সঠিকভাবে প্রত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (ঝ) আবেদনপত্র আপাদী ৩১ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন-৬ (লেভেল ১০), ঢাকা-১০০০ দ্বারা পরে পাঠাতে হবে।
- (ঞ) কোনো সরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ, মক্তাব, মন্দির, এতিমখানা ও এনজিও কর্তৃক পরিচালিত গ্রন্থাগার আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।
- (ট) গ্রন্থাগারের ডিজিটাল/অনলাইন ব্যাংক হিসাব নম্বরে অনুদানের অর্থ EFT-এর মাধ্যমে প্রেরণ করা হবে বিধায় আবেদনপত্রের নির্ধারিত স্থানে ডিজিটাল/অনলাইন ব্যাংক হিসাবের নাম (ইংরেজিতে), হিসাব নম্বর ও রাউটিং নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। গ্রন্থাগারের সত্যাপ্তি এবং সেক্রেটারির এনআইডি, ডিজিটাল/অনলাইন ব্যাংক হিসাবের নাম (ইংরেজিতে), হিসাব নম্বর ও রাউটিং নম্বর না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, গ্রন্থাগারটি যে উপজেলার অবস্থিত সে উপজেলার অবস্থিত ব্যাংক বাতীত অন্য কোন এলাকার ব্যাংক হিসাব নম্বর গ্রহণযোগ্য হবে না।
- (ঠ) পূর্ববর্তী বছরে প্রায় অনুদান সরকারি অনুদানের অর্থের ব্যয়বিবরণী এবং কমপক্ষে বিগত ৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- (ড) অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল করার ক্ষমতা সরকার সংরক্ষণ করে।


শ্রীমানী রানী রায়
উপসচিব

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়